ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি

**MOULVIBAZAR PALLI BIDYUT SAMITY**
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৮৬২৬-৭১৪৫৩ @ mbazar_pbs@yahoo.com
pbs.moulvibazar.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৮৮৩.৫০৬.০১.০০৮.২৩.২৯৭৫

তারিখঃ ১৬ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
২৯ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ

## "পুনঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি"

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর ০১ টি জীপ গাড়ী ও ১২টি মোটর সাইকেল (হোন্ডা সিজি-১২৫) নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | যানবাহনের বিবরণ | পরিমাণ | নিলাম দরপত্র দলিলের মূল্য | নিলাম দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচি | নিলাম দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচি | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | গ্রহণ | খোলা |
| ০১ | **জীপ গাড়ী** টয়োটা মটর কর্পোরেশন, মডেল- ২০০৪ ইং, সিসি-২৬৯৪, ডুয়েল ফুয়েল (পেট্রোল+সিএনজি) | ০১ টি | ১০০০/= | ৩০/০৪/২০২৩ খ্রিঃ রোজ রবিবার হতে ১৭/০৫/২০২৩ খ্রিঃ রোজ বুধবার পর্যন্ত। | ১৮/০৫/২০২৩ খ্রিঃ রোজ বৃহস্পতিবার দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত, মৌলভীবাজার পবিস, সদর দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, সদর দপ্তর ভবন, খিলক্ষেত, ঢাকা-১২২৯। | ১৮/০৫/২০২৩ খ্রিঃ রোজ বৃহস্পতিবার দুপুর ১২.০৫ ঘটিকা , মৌলভীবাজার পবিস, সদর দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, সদর দপ্তর ভবন, খিলক্ষেত, ঢাকা-১২২৯ . |
| ০২ | **মোটর সাইকেল** (হোন্ডা সিজি-১২৫ ) | ১২ টি | ১০০০/= | | | |

**শর্তাবলীঃ**

০১। আগ্রহী নিলাম দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং নিলাম দরপত্র দলিল দেখতে পারবেন।

০২। আগ্রহী দরদাতাগণ উপরে বর্ণিত সময় সীমার মধ্যে যে কোন দিন (সরকারি ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) অফিস চলাকালীন মৌলভীবাজার পবিস এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে নির্ধারিত অংকে (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্তকরতঃ মৌলভীবাজার পবিস এর সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে মৌলভীবাজার পবিস এর সদর দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, সদর দপ্তর ভবন , খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে নিলাম দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। কুরিয়ার/ডাকযোগে কোন নিলাম দরপত্র সিডিউল প্রেরণ করা যাবে না ।

০৩। উপরে বর্ণিত তারিখে নির্দিষ্ট সময়সীমার মধ্যে মৌলভীবাজার পবিস এর সদর দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, সদর দপ্তর ভবন, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এই ঠিকানায় নির্ধারিত টেন্ডার বক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে। দাখিলকৃত নিলাম দরপত্রসমূহ বর্ণিত সময়সূচি অনুযায়ী উল্লেখিত স্থানে নিলাম দরদাতা/প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর বা ডাকযোগে প্রেরিত কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

০৪। নিলামে উল্লেখিত দরের ২৫% হারে নিরাপত্তা জামানত হিসাবে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সঙ্গে জমা দিতে হবে (যা বিক্রয়াদেশ না হলে ফেরৎযোগ্য)। নিরাপত্তা জামানত ব্যতিত কোন নিলাম দরপত্র গ্রহণ/ বিবেচনা করা হবে না।

০৫। আগ্রহী দরদাতাগণ উপরে বর্ণিত ক্রমিক নং ০১ ও ০২ বর্নিত কনডেম ঘোষিত যানবাহন সমূহের জন্য পৃথকভাবে দর দাখিল করতে হবে। উল্লেখ্য যে, ক্রমিক নং ০২ এ বর্নিত ১২ (বার)টি মোটর সাইকেলের জন্য পৃথকভাবে দর দাখিল করতে হবে।আগ্রহী দরদাতাগণ এক/একাধিক/সকল যানবাহনের জন্য দর দাখিল করতে পারবেন।সর্বোচ্চ দরদাতা নির্বাচনের ক্ষেত্রে সর্বসাকুল্যে মূল্য নয় বরং প্রতিটি ক্রমিকের বিপরীতে (১২টি মোটর সাইকেলের ক্ষেত্রে প্রতিটির বিপরীতে) সর্বোচ্চ দাখিলকৃত দর বিবেচনা নিয়ে সংশ্লিষ্ট সর্বোচ্চ ও বৈধ নিলাম দর দাখিলকারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট বর্নিত কনডেম ঘোষিত যানবাহন বিক্রয় করা হবে। আরও উল্লেখ্য যে, বর্নিত কনডেম ঘোষিত যানবাহন সমূহের ক্ষেত্রে অত্র পবিস কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন নিলাম মুল্যের কম দর দাখিল করলে তা গ্রহনযোগ্য হবে না।

০৬। উল্লেখিত যানবাহনসমুহ আগামী ১৭/০৫/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) প্রতিদিন অফিস চলাকালীন সময়ে সমিতির সদর দপ্তরে পরিদর্শন করা যাবে।

০৭। কৃতকার্য নিলাম দরপত্রদাতাকে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫(পনেরো) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করে মালামালসমূহের ডেলিভারী গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে জামানতের সমূদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।

০৮। পবিস কর্তৃক নির্ধারিত সবনিম্ন প্রাক্কলিত দরের চেয়ে কম দর সম্বলিত কোন দরপত্র বিবেচনা করা হবে না। খামের উপর **"যানবাহনের নিলাম দরপত্র"** এবং নিলাম দরদাতার পূর্ণ ঠিকানা লিখতে হবে। দরপত্রে কোনরুপ কাটাকাটি গ্রহণযোগ্য হবে না এবং একক মূল্য ও মোট মূল্য স্পষ্টাক্ষরে লিখতে হবে।

০৯। বর্ণিত যানবাহন গ্রহণের পূর্বে সরকারী নিয়মানুযায়ী মোট উদ্ধৃত দর/মূল্যের উপর ১০% উৎস কর এবং ৭.৫% ভ্যাট জমা প্রদান করতঃ কর ও ভ্যাট জমাদানের রশিদ সমিতিতে দাখিল করতে হবে।

১০। সমিতি কর্তৃপক্ষ কোনরুপ কারন দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। যে কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

উপরের শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিতভাবে সিডিউলে বর্ণিত থাকবে।

29.04.23

( প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন )
সিনিয়র জেনারেল ম্যানেজার

বিতরনঃ (কার্যার্থে)

০১। ডিজিএম ( রাজনগর/সদর দপ্তর-কারিগরি/মৌলভীবাজার/কমলগঞ্জ/বড়লেখা জোনাল অফিস), মৌলভীবাজার পবিস।
০২। এজিএম(ওএন্ডএম), কুলাউড়া সাব জোনাল অফিস, সিন্দুরখাঁন সাব জোনাল অফিস, মৌলভীবাজার পবিস।
০৩। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), মৌলভীবাজার পবিস।
০৪। এজিএম (আইটি), মৌলভীবাজার পবিস। (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)
০৫। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, মৌলভীবাজার পবিস।
০৬। অফিস ফাইল/মাস্টার ফাইল।

অনুলিপিঃ- (সদয় জ্ঞাতার্থে ও জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট জোন, বাপবিবো, সিলেট।
০৩। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, মৌলভীবাজার।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবো, ঢাকা ( বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপদ বিভাগ, মৌলভীবাজার।

(বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।)

29.04.23

( প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন )
সিনিয়র জেনারেল ম্যানেজার